



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপপরিচালকের কার্যালয়
মৎস্য অধিদপ্তর, বরিশাল বিভাগ, বরিশাল
fisheries.barisaldiv.gov.bd



নম্বর: ৩৩.০২.০০০০.৩০৬.০৬.০০২.২৩.২৭

তারিখ: ১৭ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
৩১ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

নোটিশ

বিষয়: নৈতিকতা কমিটির ৩য় ত্রৈমাসিক সভায় অংশগ্রহণ।

উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, বরিশাল বিভাগ, বরিশাল এর সভাপতিত্বে আগামী ৩১/০১/২০২৪ তারিখ সকাল ৯.০০ ঘটিকায় সম্মেলন কক্ষ, মৎস্য অধিদপ্তর, বরিশাল এ নৈতিকতা কমিটির ৩য় ত্রৈমাসিক সভা অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় অত্র দপ্তরের নৈতিকতা কমিটির সংশ্লিষ্ট সকলকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

৩১-০১-২০২৪

নূপেন্দ্র নাথ বিশ্বাস

উপপরিচালক (চলতি দায়িত্ব)

০২৪৭৮৮৬১৩২৬ (ফোন)

ddbarisal@fisheries.gov.bd

বিতরণ জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক (চলতি দায়িত্ব), মহাপরিচালকের দপ্তর, মৎস্য অধিদপ্তর;
- ২। সিনিয়র সহকারী পরিচালক, উপপরিচালকের দপ্তর, উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর, বরিশাল বিভাগ, বরিশাল;
- ৩। সহকারী পরিচালক, উপপরিচালকের দপ্তর, উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর, বরিশাল বিভাগ, বরিশাল;
- ৪। স্টাফলিপিকার কাম কম্পিউটার অপারেটর, উপপরিচালকের দপ্তর, উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর, বরিশাল বিভাগ, বরিশাল;
- ৫। স্টাফমুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর, উপপরিচালকের দপ্তর, উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর, বরিশাল বিভাগ, বরিশাল;
- ৬। অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, উপপরিচালকের দপ্তর, উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর, বরিশাল বিভাগ, বরিশাল এবং
- ৭। জনাব -----, ----।





উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর, বরিশাল বিভাগ, বরিশাল-এর নৈতিকতা কমিটির ৩য় ত্রৈমাসিক
(জানুয়ারি-মার্চ, ২০২৩-২৪) সভায় উপস্থিত সদস্যদের তালিকা:

সভার তারিখঃ ৩১ জানুয়ারি, ২০২৪ খ্রিঃ

সময়ঃ সকাল ০৯.০০ ঘটিকা।

সভার স্থানঃ সম্মেলন কক্ষ, মৎস্য অধিদপ্তর, বরিশাল বিভাগ, বরিশাল।

সভাপতিঃ জনাব নূপেন্দ্র নাথ বিশ্বাস, উপপরিচালক (চ:দা), মৎস্য অধিদপ্তর, বরিশাল বিভাগ, বরিশাল।

ক্র: নং	নাম	পদবী	স্বাক্ষর
১.	জনাব মোহাম্মদ ইয়াছিন	সিনিয়র সহকারী পরিচালক	
২.	জনাব মুহাম্মদ নাসির উদ্দীন	সহকারী পরিচালক	
৩.	জনাব মো: হাবিবুর রহমান	স্টেনোগ্রাফার কাম কম্পিউটার অপারেটর	
৪.	জনাব সুপর্ণা গাইন	সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর	
৫.	জনাব মো: জহিরুল ইসলাম	অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক	

**উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর, বরিশাল বিভাগ, বরিশাল-এর নৈতিকতা কমিটির ৩য় ত্রৈমাসিক
(জানুয়ারি-মার্চ, ২০২৩-২৪) সভা এর কার্যবিবরণীঃ**

সভার তারিখঃ ৩১ জানুয়ারি, ২০২৪ খ্রিঃ

সভার স্থানঃ সম্মেলন কক্ষ, মৎস্য অধিদপ্তর, বরিশাল বিভাগ, বরিশাল।

সভার সময়ঃ সকাল ০৯.০০ ঘটিকা।

সভাপতিঃ জনাব নূপেন্দ্র নাথ বিশ্বাস, উপপরিচালক(চ:দা), মৎস্য অধিদপ্তর, বরিশাল বিভাগ, বরিশাল।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের স্বাক্ষর “পরিশিষ্ট-ক” তে সংরক্ষিত।

সভার শুরুতেই বিভাগীয় নৈতিকতা কমিটির সভাপতি ও বিভাগীয় উপপরিচালক মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভা শুরু করেন। সভাপতি সকলকে তাদের স্ব স্ব অধিক্ষেত্রে নৈতিকতার সর্বোচ্চ মানদণ্ড বজায় রেখে বিদ্যমান বিধিবিধান মেনে দায়িত্ব পালনের আহবান জানান। সভায় উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর, বরিশাল বিভাগ, বরিশাল এর আওতাধীন জেলা এবং উপজেলা মৎস্য দপ্তরগুলোর বিষয়ে আলোচনা করা হয়। নিয়মিত কার্যক্রমসমূহ বাস্তবায়নের ক্ষেত্রে কী কী বিষয়গুলোতে সতর্ক থাকতে হবে এবং বিভাগীয় কার্যালয় থেকে কিভাবে এগুলো স্বচ্ছ ও সুন্দরভাবে বাস্তবায়নের জন্য সহযোগিতা করা যায় সে বিষয়গুলো নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

সভায় উপপরিচালক মহোদয়, মৎস্য অধিদপ্তর, বরিশাল বিভাগ, বরিশাল এর সকল কর্মকর্তা ও কর্মচারীদের পোশাক পরিধান সম্পর্কে বলেন অফিসে ফরমাল পোশাক পরিধান করে আসতে হবে। মেয়েদের ক্ষেত্রে শাড়ি অথবা স্লিপিং পরিধান করতে হবে। এছাড়াও অফিসে কোন অনুষ্ঠান অথবা যে কোন সময়ে খাবার পরিবেশন করা সম্পর্কে নির্দেশনা প্রদান করেন এবং খাবার খাওয়ার সময় বিভিন্ন বিষয় মেনে চলার জন্য দিক নির্দেশনা প্রদান করেন। সর্বোপরি সকল কর্মকর্তা এবং কর্মচারীকে অফিসে আগমন এবং অফিস ত্যাগের বিষয়ে শুদ্ধাচার মেনে চলার পরামর্শ দেন। এছাড়াও যার যার অবস্থান থেকে নিজ নিজ দায়িত্ব যথাযথভাবে নিষ্ঠার সাথে পালন করার বিষয়ে আলোচনা করেন।

সভায় বিস্তারিত আলোচনার পর নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

সিদ্ধান্তঃ

১। কর্মকর্তা ও কর্মচারীদের অফিসে ফরমাল পোশাক পরিধান করে অফিস করতে হবে।

২। খাবার পরিবেশনের সময় মাস্ক, গ্লোবস, এগুলো পরিধান করতে হবে। পরিষ্কার পরিচ্ছন্নতার বিষয়ে সর্বদা সজাগ দৃষ্টি রাখতে হবে।

৩। খাবার খাওয়ার সময় মুখ বন্ধ করে খাবার চিবানো উচিত। উর্ধ্বতন কর্মকর্তার খাবার খাওয়া শুরুর অনুমোতি না দেওয়া পর্যন্ত খাবার খাওয়া যাবে না এবং উর্ধ্বতন এর খাওয়া শেষ না হওয়া পর্যন্ত খাওয়ার টেবিল ছেড়ে ওঠা যাবে না।

বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতিঃ

বিগত সভায় গৃহীত সিদ্ধান্ত মোতাবেক কর্মকর্তা ও কর্মচারীগণ ছুটির আবেদন কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে ছুটি ভোগ করেন এবং উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশনা যথাযথ পালন করেন। এছাড়াও কর্মকর্তা ও কর্মচারীগণ সকল বিষয়ে শুদ্ধাচার মেনে চলে। সুতরাং বিগত নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত শতভাগ বাস্তবায়িত হওয়ায় সভায় সন্তোষ প্রকাশ করা হয়।

সর্বোপরি কর্মচারীদের স্ব স্ব অধিক্ষেত্রে সকলে যেন সর্বোচ্চ নৈতিকতা ও শুদ্ধাচারের যথাযথ বাস্তবায়ন করতে পারে সে বিষয়ে বিভাগীয় ও জেলা পর্যায়ের কর্মকর্তাদের সর্বোচ্চ সহযোগিতার বিষয়টি জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


(নূপেন্দ্র নাথ বিশ্বাস)
উপপরিচালক(চ:দা)
মৎস্য অধিদপ্তর, বরিশাল বিভাগ,
বরিশাল।

পত্র নং- ৩৩.০২.০০০০.৩০৬.৯৯.০০১.২১.৩৩

তারিখঃ ৩১ জানুয়ারি, ২০২৪ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলঃ

- ১। মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
- ২। জেলা মৎস্য কর্মকর্তা (বরিশাল বিভাগের সকল জেলা)।
- ৩। সিনিয়র/উপজেলা মৎস্য কর্মকর্তা (বরিশাল বিভাগের সকল উপজেলা)।
- ৪। খামার ব্যবস্থাপক (বরিশাল বিভাগের সকল মৎস্যবীজ উৎপাদন খামার)।
- ৫। সংশ্লিষ্ট নথি।